**সংশোধিত**

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

www.bise-ctg.gov.bd

স্মারক নম্বরঃ চশিবো/বিদ্যা/বিজ্ঞপ্তি/১৫/২০১৩/ ৪৭২১(২) ,    তারিখ : ০৯/১১/২০২৫ খ্রিঃ

## বিষয়: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণির রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত ও ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়ণরত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম নিম্নলিখিত নির্দেশনাবলী অনুসরণ করে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো:

১। ফি এর হার (প্রতি শিক্ষার্থী)

| ক্রমিক | খাতের বিবরণ | ফি-এর হার | বিলম্ব ফি | মোট ফি এর পরিমান | |
|---|---|---|---|---|---|
| | | | | বিলম্ব ফি ব্যতিত | বিলম্ব ফি সহ |
| ০১ | **রেজিস্ট্রেশন ফি (জনপ্রতি)** | **১০০/-** | | | |
| ০২ | **ক্রীড়া ফি (জনপ্রতি)** | **৫০/-** | | | |
| ০৩ | **স্কাউট (জনপ্রতি)/ গার্লস্ ইন স্কাউট** | **২৫/-** | | | |
| ০৪ | **রেড ক্রিসেন্ট ফি** | **১৬/-** | | | |
| ০৫ | **বি.এন.সি.সি** | **৫/-** | | | |
| ০৬ | **বিজ্ঞান ও প্রযুক্তি ফি (জনপ্রতি)** | **১০/-** | **১০০/-** | **৩৪১/-** | **৪৪১/-** |
| ০৭ | **জাতীয় অন্ধ কল্যাণ , প্রতিবিন্ধী ফি (জনপ্রতি)** | **৫/-** | | | |
| ০৮ | **বেসরকারী অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারী অবসর ও কল্যাণ ট্রাস্ট** | **১০০/-** | | | |
| ০৯ | **গার্লস গাইড ফি (জনপ্রতি)** | **১৫/-** | | | |
| ১০ | **ই-সার্ভিস** | **১৫/-** | | | |

**বিলম্ব ফি ছাড়া জনপ্রতি ৩৪১/- টাকা এবং বিলম্ব ফি সহ ৪৪১/- টাকা ফি প্রদান করতে হবে।**

২। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের R-০৯.০০.০০০০.০৯২.৮৮.০২২.১৭.৪৩৬ অনুযায়ী ৯ম ও ১০ম শ্রেণিতে (২০+২০) = ৪০ /- টাকা রেড ক্রিসেন্ট ফি আদায় করে আদায়কৃত অর্থের ৪০% অর্থাৎ ১৬/- (ষোল) টাকা শিক্ষা বোর্ড তহবিলে জমা ও অবশিষ্ট ৬০% অর্থাৎ ২৪/- টাকা শিক্ষাপ্রতিষ্ঠানে (আলাদা ব্যাংক একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রাখতে হবে

৩। জাতীয় ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি): **৩০০/- টাকা**

**** অনলাইন পেমেন্ট/টি.টি (T.T) ও eSIF পূরণ (রেজিস্ট্রেশন) করার সময়সূচি :**

| |
|---|
| ১। অনলাইন পেমেন্ট/ টি.টি (T.T) ও eSIF পূরণ করার তারিখ : **১০/১১/২০২৫ খ্রিঃ হতে ২৬/১১/২০২৫ খ্রিঃ** |
| ২। **eSIF পূরণ** ও সাবমিট **শেষ তারিখ ৩০/১১/২০২৫ (সকল শিক্ষার্থীর পূরণকৃত eSIF একসাথে সাবমিট করতে হবে)** |
| ৩। বিলম্ব ফি সহ eSIF পূরণ ও অনলাইন পেমেন্ট / টি.টি (T.T) করার তারিখ : **০১/১২/২০২৫ খ্রিঃ হতে ০৭/১২/২০২৫ খ্রিঃ** |
| ৪। অনলাইনে ছবি, বিষয় ইত্যাদি সম্পর্কিত তথ্যের ভুলভ্রান্তি সংশোধনের তারিখ : **০৮/১২/২০২৫ খ্রিঃ হতে ১১/১২/২০২৫ খ্রিঃ** |

**নির্দেশনাবলী :-**

১. অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে eSIF কর্ণারে ক্লিক করে eSIF পূরণ করতে হবে।

২. ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের রোল নম্বর/ রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে ।

৩. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে হিসাব নং : SND-59 সোনালী ব্যাংক বহদ্দারহাট শাখা, চট্টগ্রাম বরাবর নির্ধারিত সময়ে সোনালী ব্যাংকের যে কোনো শাখার মাধ্যমে ( বহদ্দারহাট শাখা, চট্টগ্রাম ব্যতীত) টি.টি করতে হবে। এছাড়াও উক্ত হিসাবের অনুকূলে বিকাশ, রকেট, ইসলামী ব্যাংক, টি- ক্যাশ, শিওর ক্যাশ, নগদ, ডিবিএল নেক্সাস পে, ভিসা, মাস্টার কার্ড অনলাইন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে নির্ধারিত ফি প্রদান করা যাবে।

৪. eSIF প্রিন্ট আউট এর কপি স্ব-স্ব প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন এবং উপজেলা/জেলা/মেট্রোপলিটন এলাকা পর্যায়ে স্কাউট ফি ও বিশ্ব স্কাউট সংস্থা বার্ষিক সদস্য ফি পরিশোধ করতে হবে।

৫. তাঁর প্রতিষ্ঠানে ভর্তিবহির্ভুত ও ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশন বহির্ভুত কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করা হলে তার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন

৬. ০১ জানুয়ারী, ২০২৫ খ্রি. তারিখে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীর বয়স ১২ থেকে ১৮ বছরের মধ্যে হতে হবে। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে এই বয়সসীামা ২২ বছর ।

৭. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে কমিটি গঠন করে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। অনলাইনে রেজিষ্ট্রেশন সম্পন্ন হওয়ার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত শিক্ষার্থীর ভর্তি ফরম ও অষ্টম শ্রেণীর রেজিস্ট্রেশন কার্ড যাচাইপূর্বক নিশ্চিত করে ফাইনাল সাবমিট করতে হবে।

৮. ৮ম শ্রেণীতে রেজিষ্ট্রেশন বহির্ভূত শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন করা, নির্ধারিত বয়স সীমা না মানা ও দ্বৈত রেজিষ্ট্রেশন করাসহ যেকোন ধরনের ত্রুটিপূর্ণ রেজিষ্ট্রেশনের ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে। উক্তরূপ যেকোন অনিয়মের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বিঃ দ্রঃ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থী ও তাদের অভিভাবকের সাথে আলোচনা করে গ্রুপ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) নির্ধারণ করবেন।**

**অনলাইন শিক্ষার্থীর রোল নম্বর চেক করার লিংকঃ** https://rollcheck.bise-ctg.gov.bd/classeight2024/

**প্রাপক: এ বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৯/১১/২৫

(প্রফেসর মো: আবুল কাসেম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম